# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশনের চেক বিতরণ

বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন হতে প্রদত্ত মাসিক ভাতা ও এককালীন আর্থিক অনুদানের চেক বিতরণের করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে এ চেক বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বছির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় ১৭ জনের মাঝে ৪ লক্ষ ৮ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেহেরপুরে অসচ্ছল

সাংস্কৃতিসেবীদের মাঝে চেক বিতরণ

মেহেরপুর জেলার তালিকা ভুক্ত অসচ্ছল সাংস্কৃতিসেবীদের মাঝে অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মোট ১ লক্ষ ৪৭ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বসির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় মেহেরপুর জেলার অসচ্ছল সাংস্কৃতিসেবী ৯ জনের মাঝে ১ লক্ষ ৪৭ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেহেরপুরে ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় চেক বিতরণ

মেহেরপুরে ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চেক বিতরণের আয়োজন করা

হয়।

মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বির সঞ্চালনায় এবং জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপ-পরিচালক মোঃ বসির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় ৩০ জন ভিক্ষুকের মাঝে ১৫ লক্ষ ২৪ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেহেরপুর আর্থিক অনুদানের চেক বিতরণ

মেহেরপুরে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আর্থিক অনুদানের চেক বিতরণ করা হয়

বৃহস্পতিবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির বাসভবনে আর্থিক অনুদানের চেক প্রদান করা হয়।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আর্থিক অনুদানের চেক বিতরণ কালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি উপস্থিত থেকে ১০ জন কে ৪০ হাজার টাকার চেক এবং ২৯ জনকে ৫০ হাজার টাকার চেক মোট ১৮ লক্ষ

৫০ হাজার টাকার চেক প্রদান করা হয়।

কোটচাঁদপুরে সার বীজ ও ঐচ্ছিক তহবিল থেকে চেক বিতরণ

বিএনপি সরকারের আমলে সার বীজের জন্য কৃষক কে গুলি করে হত্যা করা হয়েছে। আওয়ামী লীগ সরকারের আমলে গুলি খেয়ে মরতে হয় না। ঘরে বসে সার,বীজ পাই কৃষক। জাতির জনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিকল্প নেই বাংলাদেশে। কৃষকের জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছে সরকার। এ দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আবারও নৌকা মার্কায় ভোট দিন। কোটচাঁদপুরে সার বীজ ও ঐচ্ছিক তহবিল থেকে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

কোটচাঁদপুরে ২০২২-২৩ অর্থবছরে খরিপ-১ মৌসুমে প্রণোদনা কর্মসুচির আওতায় পাট ও রোপা আউশ ধানের উৎপাদন ও আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে।

কৃষি সম্পসারন অধিদপ্তরের আয়োজনে গতকাল সোমবার দুপুরে উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে সার বীজ ও চেক বিতরণ করা হয়।

বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। উপজেলা কৃষি সম্পসারন অফিসার হুমায়ূন কবিরের সঞ্চালনায়। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মহাসীন আলী।

এ সময় সার বীজ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি উপজেলা আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, উপজেলা আওয়ামিলীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, বীর মুক্তি যোদ্ধা সাবেক

কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কাশেম, জেলা পরিষদের সদস্য রাজিবুল কবির, এলাঙ্গী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, সাবেক কুশান ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল হান্নান, পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর হোসেন প্রমুখ।

এ সময় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল এর ঐচ্ছিক তহবিল থেকে ২৩ জন দুস্ত মানুষের মাঝে চেক ও উপজেলার ২৫ শত চাষীর মাঝে ১০কেজি ডিএপি, ১০ কেজি পটাশ, ৫ কেজি ধানের বীজ ও ৩ শত চাষির মাঝে পাট বিজ প্রদান করা হয়। সে সময় কৃষক, উপকার ভোগী, চেক গ্রহিতা, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, সহ বিভিন্ন প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে ৯০ জনের মাঝে ৯ লাখ টাকার চেক বিতরণ

গাংনীতে তরুণ উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে আয়মুখী কাজে সহায়তার জন্য ৯০ জন হতদরিদ্রদের মাঝে চেক প্রদান করা হয়েছে।

বুধবার (২১ ডিসেম্বর) সকাল টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সস্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে এই চেক বিতরণ করা হয়।

জাতীয় কন্যা শিশু অ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, বিশেষ অতিথির বক্তব্য রাখেন, কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হুসাইন, রাইপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর যশোর অঞ্চলের সমন্বয়ক খোরশেদ আলম।

দি হাঙ্গার প্রজেক্ট এর গাংনী সমন্বয়ক হেলাল উদ্দিনের সঞ্চালনায়

অন্যন্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি আতিয়ার রহমান, রাইপুর ইউনিয়নের মেম্বর শামীম আহমেদসহ দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন ইউনিয়নের সমন্বয়ক ও সাংবাদিকবৃন্দ।

মেহেরপুরে দুস্থ অসহায় নারীদের মধ্যে সেলাইমেশিন ও চেক বিতরণ

মেহেরপুর সদর উপজেলার ১৬ জন দুস্থ অসহায় নারীর ঝে সেলাই মেশিন ও সমাজ সেবাপক্ষ থেকে হুইল চেয়ার ও চেকবিতরণ করা হেয়েছে।

আজ রবিবার (২ অক্টোবর) বেলা ১১ টার দিকে জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নিজ বাড়ি সংলগ্ন নিজ কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এসব বিতরণ করা হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেলাই মেশিন ও চেক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীলা হাফিয়া।

গাংনীতে চিকিৎসার জন্য

প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তার চেক বিতরণ

চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ১০ লাখ ৩০ হাজার টাকা সহায়তা পেলেন গাংনীর ৩৩ জন।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সুপারিশে এ সহায়তা দেন প্রধানমন্ত্রী।

আজ শনিবার দুপুরে এমপির গাংনীস্থ বাস ভবনে আনুষ্ঠানিকভাবে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে বক্তৃতা করেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল,সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান মশিউর রহমান,সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক,অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতৃবৃন্দ ও উপকারভোগীরা।

মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস ও উপকারভোগীদের মাঝে চেক বিতরণ

“পুষ্টি,পরিবেশ ও অর্থনৈতিক উন্নয়নে টেকসই দুগ্ধ শিল্প” এ প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস পালিত হয়েছে।

দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পের আওতায় কর্মসূচী পালিত হয়।

বুধবার সকাল ১০ টার সময় জেলা প্রাণিসম্পদ অফিস থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমীর চত্তরে গিয়ে শেষ হয় ।

শোভাযাত্রাতে নেতৃত্ব দেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ মোঃ সাইদুর রহমান। উপসহাকারি প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ শারমিন আক্তার, উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা শফি উদ্দিনসহ প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা, কর্মচারী ও দুগ্ধ খামারীরা শোভাযাত্রায় অংশ নেন।

জেলা শিল্পকলা একাডেমী মিলনায়নে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

আলোচনা সভায় জুম কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, খুলনা বিভাগের প্রকল্প পরিচালক ও বিভাগীয় যুগ্ম নিবন্ধক মোঃ মিজানুর রহমান।
অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ বশির আহমেদ।

আলোচনা পরবর্তীতে এআইএফ-২ প্রকল্পের আওতায় চপার মেশিন ও দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পে উপকারভোগীদের চেক বিতরণ করা হয়।